

স্বাধীনতার নেপথ্যের ইতিহাস: আমরা যাদের ভুলে গেছি -২

নুরুজ্জামান মানিক

৪) ১৯৬৫ সালে ছাত্রলীগের আবদুল আজিজ বাগমার এর নেতৃত্বে গড়ে উঠে "অস্থায়ী পূর্ব বঙ্গ (অপূর্ব) সরকার " নামে আরেকটি গোপন সংগঠন । সংগঠক হিসেবে ছিলেন ঢাবি ছাত্র খন্দকার বজলুল হক , শান্তি নারায়ণ ঘোষ (উভয়ে বর্তমানে ঢাবি'র শিক্ষক) প্রাণেশ কুমার মন্ডল , হাবিবুর রহমান ও অন্যান্য । উক্ত সংগঠনের সভাপতি ছিলেন বেগম সুফিয়া কামাল আর সাধারণ সম্পাদক আবদুল আজিজ বাগমার । উপদেষ্টা হিসেবে যুক্ত ছিলেন , ড আহমদ শরীফ, ড মোফাজ্জল হায়দার চৌধুরী , মুহম্মদ আবদুল হাই , শওকত ওসমান প্রমুখ। "স্বাধীনতার স্বপ্ন : উন্মেষ ও অর্জন " গ্রন্থ সূত্রে জানা যায় , অপূর্ব সংসদ ১৯৬৫ সালের ১ অক্টোবর "ইতিহাসের ধারায় বাঙালী" নামে একটি ইশতেহার প্রকাশ করে এবং এই ইশতেহারের রচয়িতা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড আহমদ শরীফ । ওই প্রবন্ধে স্বাধীন বাংলাদেশের যৌক্তিকতা ব্যাখ্যার পাশাপাশি পূর্ব পাকিস্তান এর নাম "বাংলাদেশ " প্রস্তাব করা হয় । ওই ইশতেহারের শেষের পৃষ্ঠায় "আমার সোনার বাংলা , আমি তোমায় ভালবাসি " গানটির প্রথম চার লাইন উল্লেখ ছিল (সূত্র , জাস্টিস হাবিবুর রহমান, প্রথম আলো ৪ ফেব্রুয়ারী ২০০০ , ড নেহাল করিম নিউ এজ ফেব্রুয়ারী ২৪,২০০৫) ড নেহাল করিম এর মতে, ভবিষ্যত বাংলাদেশের "জাতীয় সঙ্গীত" হিসেবে অধ্যাপক ড আহমদ শরীফ কবিগুরু রবীন্দ্রনাথ রচিত "আমার সোনার বাংলা , আমি তোমায় ভালবাসি" গানটিকে নির্বাচন করেছিলেন (সূত্র , সমকাল ১৬ ডিসেম্বর ২০০৭)

চলবে